

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৮

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৬৪. গল্প-কাহিনী বর্ণনার অনুমতি প্রসঙ্গে

باب في الرخصة في القصص

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي بُكَيْرٍ عَنْ شُعْبَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ قَالَ سَمِعْتُ كُرْدُوسًا وَكَانَ قَاصًا يَقُولُ أَخْبَرَنِي رَجُلٌ مِنْ أَهْلِ بَدْرٍ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَأَنْ أَقْعُدَ فِي مِثْلِ هَذَا الْمَجْلِسِ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أُعْتِقَ أَرْبَعَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَأَنْ أَقْعُدَ فِي مِثْلِ هَذَا الْمَجْلِسِ أَحَبُ إِلَيَّ مِنْ أَنْ أُعْتِقَ أَرْبَعَ رِقَابٍ قَالَ قُلْتُ أَنَا أَيَّ مَجْلِسٍ يَعْنِي قَالَ كَانَ حِينَئِذٍ يَقُصُّ قَالَ أَبُو مُحَمَّد الرَّجُلُ مِنْ أَصْحَابِ بَدْرٍ هُوَ عَلِيٌ

বাংলা

২৮১৮. আব্দুল মালিক ইবনু মাইসারাহ থেকে বর্ণিত, তিনি বলেন, কুর্দুস নামক একজন গল্পকার-কাহিনীকারকে বলতে শুনেছি, তিনি বলেছেন, একজন বাদরী সাহাবী আমাকে বলেছেন, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন: "এ রকম মজলিসে বসা আমার নিকট চারটি গোলাম মুক্ত করার চেয়েও অধিক প্রিয়।"

তিনি (রাবী) বলেন: আমি বললাম, এ দ্বারা তিনি কোন্ মাজলিসের কথা বুঝিয়েছেন? তিনি বললেন, সে সময় তিনি তখন গল্প-কাহিনী বর্ণনা করছিলেন। আবূ মুহাম্মদ বলেন, একজন বদরী সাহাবী', তিনি হলেন: আলী রাদ্বিয়াল্লাহু আনহু।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাজমাউয যাওয়াইদে নং ৭৪৬, ৯২৪, ৯২৫, ৯২৬ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন